



পল্লী সঞ্চয় ব্যাংক

প্রধান কার্যালয়

রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল: ৭-১০)
৩৭/৩/এ, ইন্সটান গার্ডেন রোড, ঢাকা-১০০০
www.pallisanchaybank.gov.bd
ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়

০১ জানুয়ারি, ২০২৫।

প্রিয় সহকর্মীবৃন্দ,

শুভ নববর্ষ ২০২৫!

নতুন বছরের সূচনালগ্নে আপনাদের সবাইকে জানাই আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন।

আমরা বিগত বছরের চ্যালেঞ্জ অতিক্রম করে নতুন বছরে পদার্পণ করেছি। নতুন বছর আমাদের সামনে এনেছে নতুন আশা, নতুন সম্ভাবনা এবং নতুন দায়িত্ব।

প্রিয় সহকর্মীবৃন্দ, আপনাদের অক্লান্ত পরিশ্রম, নিষ্ঠা ও সহযোগিতার ফলেই পল্লী সঞ্চয় ব্যাংক আজ পূর্ববর্তী সকল মুনাফার রেকর্ড ভেঙে দিয়েছে। এই অসাধারণ অর্জনের জন্য আপনাদের সবাইকে জানাই আন্তরিক সাধুবাদ ও অভিনন্দন।


তবে এখানেই থেমে থাকলে চলবে না। আমাদের লক্ষ্য আরও বড়, আরও উঁচু। আমাদের স্বপ্ন হলো সাফল্যের এমন এক উচ্চতায় পৌঁছানো, যা ব্যাংকিং জগতে এক নতুন ইতিহাস সৃষ্টি করবে। আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি, এই প্রতিষ্ঠানের প্রতিটি কর্মীর মধ্যে সেই অদম্য শক্তি ও সম্ভাবনা রয়েছে, যা পল্লী সঞ্চয় ব্যাংককে দেশের শীর্ষ ব্যাংক হিসেবে প্রতিষ্ঠিত করতে পারে। আমি আশাবাদী, আমাদের এই যৌথ প্রচেষ্টা ও নিষ্ঠার ফলেই আমরা সেই দিনটি খুব শীঘ্রই দেখতে পাবো।

পল্লী সঞ্চয় ব্যাংকের সকল গ্রাহকদের অর্থনৈতিক উন্নয়নের অংশীদার হতে পেরে আমরা গর্বিত। নতুন বছরে আমরা গ্রাহক সেবার মান আরও উন্নত করতে প্রতিশ্রুতিবদ্ধ। গ্রাহকদের অর্থনৈতিক অগ্রযাত্রায় সহায়তা করতে আমরা নতুন সেবা ও সুযোগ নিয়ে আসবো। পল্লী সঞ্চয় ব্যাংকের সুবিধাভোগীদের নিয়মিত ঋণ গ্রহণ ও পরিশোধের মাধ্যমে আমরা আরও কার্যকর ও উন্নত ঋণসেবা নিশ্চিত করতে পারবো।

ব্যাংকের ভবিষ্যৎ সাফল্য পল্লী সঞ্চয় ব্যাংকের প্রতিটি কর্মীর নিরলস প্রচেষ্টা ও দক্ষতার ওপর নির্ভরশীল। দৃঢ় সংকল্প ও একাগ্রতা নিয়ে কাজ করে ব্যাংকের অর্থনৈতিক ভিত আরও মজবুত করতে পারলেই আমরা আমাদের সকল সুযোগ-সুবিধা নিশ্চিত করতে পারবো।

পল্লী সঞ্চয় ব্যাংক প্রায় ১১ হাজার জনবলের একটি বৃহৎ প্রতিষ্ঠান। সৌহার্দ, সম্প্রীতি এবং পারস্পরিক সৌজন্যই হোক নতুন বছরে আমাদের পথচলার হাতিয়ার। নতুন বছর আমাদের সবার জন্য সুখ, শান্তি এবং সমৃদ্ধি বয়ে আনুক—এই কামনায় শেষ করছি। আসুন, আমরা সবাই মিলে ২০২৫ সালকে স্মরণীয় করে তুলি।

শুভ নববর্ষ,


সালমা বানু ০৩/০৩/২০২৫
ব্যবস্থাপনা পরিচালক
পল্লী সঞ্চয় ব্যাংক